

মনোমোহন । Excuse me—ও আমি পড়তে পারব না ।

মধু । আমি পড়ি তা হলে—দাও ।

চেরা বিকৃত স্বরে আবৃত্তি করিতে

লাগিলেন

দাঁড়াও পথিকবর, জন্ম যদি তব
বঙ্গে, তিষ্ঠ ক্ষণকাল ! এ সমাধিস্থলে
(জননীৰ কোলে শিশু লভয়ে যেমতি
বিরাম) মহীর পদে মহানিদ্রাবৃত
দত্ত কুলোদ্ভব কবি শ্রীমধুসূদন ।

‘ যশোরে সাগরদাঁড়ি কবতক্ষ তীরে
জন্মভূমি,—জন্মদাতা দত্ত মহামতি
রাজনারায়ণ নামে, জননী জাহ্নবী ।

মনোমোহন । এ কবিতাটা লেখা কি আপনার উচিত হয়েছে !

মধু । Why not ? I am digging my own grave. Why shall I not write my own epitaph too ?—যাক যেতে দাও ওসব । হেনরিয়েটাকে কেমন দেখলে ?

মনোমোহন । খুব জর—

মধু । ডাক্তার পামারকে ভাই একবার—

মনোমোহন । ব্যস্ত হবেন না আপনি—আমি ব্যবস্থা করছি তার ।

‘বয়’ আসিয়া প্রবেশ করিল ও একটি

ডাকের চিঠি দিয়া গেল

মধু । (পত্রখানি পড়িতে পড়িতে) তাহলে ত ভালই হ’ল !

মনোমোহন । কি ?

মধু । উত্তরপাড়া থেকে জয়কৃষ্ণ মুকুজ্যে চিঠি লিখেছে । তাকে চিঠি লিখেছিলাম যদি সে তাদের লাইব্রেরি ঘরটায় কিছুদিনের জন্যে

থাকতে দেয় আমাকে । He has welcomed me.—একটু changeও হবে—তাছাড়া পাওনাদারের জালায় অস্থির হয়ে উঠেছি ভাই ! I want a little respite ।

মনোমোহন । এ ত খুব ভাল কথা ।

মধু । তুমি তাহলে সব ব্যবস্থা করে দাও ভাই ! কালই একটা বজরা জোগাড় করো—আর দেবী ক'রো না । আর ডাক্তার পানারকে একবার পাঠিয়ে দাও আজ—হেনরিয়েটাকে দেখে যাক ! You just go—আর দেবী ক'রো না ! বুঝলে ?

মনোমোহন । আচ্ছা—চললাম তাহলে ! Good bye.

মধু । Good bye.

মনোমোহন চলিয়া গেলে মধুসূদন কবিতার দিকে খানিকক্ষণ একদৃষ্টে তাকাইয়া রহিলেন, তাহার পর ধীরে ধীরে বলিলেন—

I wonder, if they will put it up on my grave ! (একটু পরে) The curtain will soon be rung down and the show will be over ! Funny !

আবার কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন

সুন্দর কথা লিখে গেছে শেক্সপীয়ার—All the world's a stage ! (সহসা) Bye the bye—stage-এর কথায় মনে পড়ল শরৎ ঘোষকে 'মায়াকানন'টা লিখে দেব বলেছিলাম—শেষই করতে পারছি না বই-খানা ! অথচ টাকা দিয়ে গেছে বেচারী ।

ধীরে ধীরে উঠিয়া দাঁড়াইলেন

গৌরদাসের অনেকদিন খবর পাই নি । ভোলানাথও আসে না আজ-

কাল । ভূদেবের চিঠিটাই বা কোথায় ফেললাম—‘হেক্টার বধ’ পেয়ে
সুন্দর একখানা চিঠি লিখেছিল ও আমাকে !

টেবিলের দেওয়ালটা খুলিয়া খুঁজিতে
লাগিলেন ।

কোথায় যে কি ফেলি—কিছু মনে থাকে না ! Everything is topsy-
turvy—সমস্ত গোলমাল হয়ে যাচ্ছে আমার !

পাশের ঘরে কান্নার শব্দ শোনা যাইতে
লাগিল ।

ও কি !• হেনরিয়েটা কাঁদছে নাকি ! হেনরিয়েটা—হেনরিয়েটা !
হেনরিয়েটা !—

প্রায় ছুটিয়া বাহির হইয়া গেলেন



শেষ দৃশ্য

বহরমপুরে বঙ্কিমচন্দ্র নিবিষ্টচিত্তে গ্রন্থ রচনায় নিমগ্ন রহিয়াছেন। সম্মুখে বঙ্গদর্শনের ফাইল। বঙ্কিমচন্দ্রের এক হস্তে ফড়মির নল অণ্ড হস্তে লেখনী। রাত্রিকাল। সহসা দুয়ার ঠেলিয়া মধুসূদন আসিয়া প্রবেশ করিলেন। তাঁহার পরিধানে সাহেবি পোষাক—বগলে একগাদা বই। মধুসূদনকে দেখিয়া বঙ্কিমচন্দ্র সন্ত্রস্ত হইয়া আসন ছাড়িয়া দাড়াইয়া উঠিলেন।

বঙ্কিম। আস্থন, আস্থন—আপনি এ সময়ে হঠাৎ! বস্থন!

মধু। (উপবেশনান্তে) তোমাকে দেখতে ভারি ইচ্ছে হ'ল! লিখছিলে নাকি! কি লিখছ?

বঙ্কিম। বঙ্গদর্শনের জন্ম লিখছি—

মধু। Good—তোমার 'দুর্গেশনন্দিনী' 'কপালকুণ্ডলা' পড়েছি—চমৎকার হয়েছে—চমৎকার! তোমার বঙ্গদর্শনও সুন্দর হচ্ছে! You have created real romances in our literature. I congratulate you. আমার এই বইগুলো তোমায় দিতে এলাম—I hope you will take care of them.—দেখ, জীবনে অনেক কিছু করব মনে করেছিলাম। আরও ঢের ভাল কাব্য লেখবার ইচ্ছে ছিল আমার—ভাল গদ্যও রচনা করব ভেবেছিলাম—শিশুপাঠ্য পুস্তক লেখবারও আকাঙ্ক্ষা ছিল আমার। কিছুই আর হয়ে উঠেন না। তোমার ওপর আমার অনেক আশা। I hope you will do what I could not.

বন্ধিম। আপনার অসুখ শুনেছিলাম ?

মধু। (স্হাস্ত্রে) I have been cured now. I am going out for a long change.

বন্ধিম। কোথায় ?

মধু। ঠিক জানি না।

বন্ধিম। ফিরবেন কবে ?

মধু। তাও ঠিক জানি না। এবার উঠি—সময় নেই বেশী আমার—God bless you, my boy—keep the flag flying—Good bye.

ঝড়ের মত বাহির হইয়া গেলেন।

বন্ধিমচন্দ্র স্তম্ভিত হইয়া বসিয়া রহিলেন

(নেপথ্যে) বন্ধিমবাবু বাড়ী আছেন না কি ?

বন্ধিম। আছি—আসুন।

জনৈক ভদ্রলোক প্রবেশ করিলেন

ভদ্রলোক। খবর শুনেছেন ? আপনাদের কবি মাষ্টকেল মধুসূদন মারা গেছেন আজ !

বন্ধিম। (সবিস্ময়ে) মারা গেছেন ? মাথা খারাপ হ'ল নাকি আপনার !

ভদ্রলোক। এইমাত্র কোলকাতা থেকে একজন লোক এল তারই মুখে শুনলাম ! আজই মারা গেছেন—আলিপুর জেনারেল হাঁসপাতালে। উত্তরপাড়ায় জয়কেষ্ট মুকুজ্যেদের লাঠিবেরীতে ছিলেন—সেখানে বাড়াবাড়ি হওয়াতে আলিপুর হাঁসপাতালে আনা হয় তাঁকে। সেখানেই মারা গেছেন !

বন্ধিম। (হাসিয়া) একেবারে বাজে গুজব।

ভদ্রলোক । কি যে আপনি বলেন মশায় ! ঠিকই ময় তাঁর মেমসাহেবও মারা গেছেন—তিনিও ভুগছিলেন—তাই তিনি ইাসপাতালে মরেন নি—বেনেটোলার বাড়ীতে—স্বামীর আগেই মারা গেছেন শুনলাম ।

বন্ধিম । মশাই, আপনি আসবার ঠিক আগে বইগুলো (সবিস্ময়ে)—কউ বইগুলো কোথা গেল—তাই ত—বইগুলো ইখানে ছিল যে—এ কি !

খুঁজুন

ভদ্রলোক । কি বই ?

বন্ধিম । এইখানে ছিল যে বইগুলো—কি আশ্চর্য্য !

ভদ্রলোক । অত বড় একজন কবি—কি কষ্টেই যে শুনলে চোখের জল রাখা যায় না !

বইগুলি দেখিতে না

নির্ঝক বিস্ময়ে খোলা দ্বার

চাহিয়া রহিলেন—যে দ্বারপাশে

এইমাত্র ঝড়ের মত বেগে বই

গিয়াছেন । ভদ্রলোকও নির্ঝক

বন্ধিমের দিকে চাহিয়াছিলেন ।

বাক্যস্ফূর্ত্তি হইলে তিনি বলিলেন

বন্ধিম । মধুসূদন মরে নি—মরতে পারে না—অসম্ভব ।

